গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২ অধিশাখা
www.hsd.gov.bd

নং: ৪৫.০০.০০০০.১৭১.০১৩.০৯.১৭- ৩৬৩

তারিখ: ১৭.০৩.১৪২৬বঙ্গাব্দ
০১.০৭.২০১৯ খ্রি:

সভার নোটিশ

'জাতীয় বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ (নিয়ন্ত্রণ) সমন্বয় কমিটি' (NMNCC))'র ২য় সভা আগামী ০৪.০৭.২০১৯ তারিখ বেলা ৩.০০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক এম.পি'র সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং- ৩৩২, ভবন নং- ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে।

০২। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচি :

ক) বাংলাদেশে অসংক্রামক রোগ (NCD) প্রতিরোধ ও নিয়ন্ত্রণকল্পে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রাধিকার কার্যক্রম
খ) প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের পন্থা নিয়ে আলোচনা
গ) NMNCC'র সচিবালয়ে প্রয়োজনীয় অর্থের সংস্থান ও দুজন পূর্ণকালীন কর্মী নিয়োগ প্রদান
ঘ) NMNCC'র সদস্য হিসেবে বেসরকারি স্টেকহোল্ডার প্রতিনিধি সংস্থার নাম চূড়ান্তকরণ
ঙ) বিবিধ

০১.০৭.২০১৯

(ড. গোলাম মোঃ ফারুক)
উপসচিব
ফোন: ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd

সংযুক্তি : ১। সভার কার্যপত্র -৩ পাতা
২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি প্রতিবেদন - ৪ পাতা

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন গণভবন, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. [illegible], যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, [illegible]দেশ সচিবালয়, ঢাকা
১১. স[illegible]মি মন্ত্রণালয়, বাংলাদেশ [illegible]লয়, ঢাকা
১২. সচিব, [illegible]াসা ও কারিগরি শিক্ষা বিভা[illegible] শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদে[illegible]চিবালয়, ঢাকা
১৩. সচিব, [illegible]নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢা[illegible]
১৪. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- সদস্য সচিব NMNCC

প্রতিনিধি প্রেরনের ক্ষেত্রে যুগ্মসচিবের নিম্নে নন এমন কর্মক[illegible] প্রেরনে[illegible] জন্য অনুরোধ করা গেল।

২৫. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই), তেজগাঁও, ঢাকা
২৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৮. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৯. Country Representative, WHO/UNICEF/FAO
৩০. লাইন ডাইরেক্টর, এনসিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩১. ডা: রিয়াদ মাহমুদ, পাবলিক হেলথ এক্সপার্ট MSH/DFID TA Project, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়- পর্যবেক্ষক সদস্য
৩২. নাজিশ আরমান, কনটেন্ট স্পেশালিষ্ট, সূচনা ফাউন্ডেশন- পর্যবেক্ষক সদস্য

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সভায় অংশগ্রহনের সুবিধার্থে কর্মকর্তাদের গাড়িসহ প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়
৩. লাইন ডিরেক্টর (এনসিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর-সভার কার্যপত্র প্রণয়ন, সার্বিক ব্যবস্থাপনা ও কারিগরি/সাচিবিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়
৭. সভাকক্ষ সমন্বয়কারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আনুমানিক ৫০ জন কর্মকর্তার আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।

০১.০৭.১৯

‘জাতীয় বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ (নিয়ন্ত্রণ) সমন্বয় কমিটি’

[National Multisectoral Noncommunicable Disease Control Coordination Committee (NMNCC)

বার্ষিক (দ্বিতীয়) সভার কার্যপত্র

সভাপতি : জনাব জাহিদ মালেক, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সদস্য সচিব : জনাব মোঃ আসাদুল ইসলাম, সম্মানিত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
তারিখ : ৪ঠা জুলাই ২০১৯, বিকেল- ৩ টা
স্থান : সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আলোচ্য বিষয়- ১: বাংলাদেশে অসংক্রামক রোগ (NCD) প্রতিরোধ ও নিয়ন্ত্রণকল্পে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রাধিকার কার্যক্রম।

অসংক্রামক রোগ বর্তমান বিশ্বে একটি নিরব মহামারী আকারে দেখা দিচ্ছে। প্রতি বছর বাংলাদেশে মোট মৃত্যুর ৬৭%ই হয় অসংক্রামক রোগ, যেমন- উচ্চরক্তচাপ ও হৃদরোগ (৩০%), ক্যান্সার (১২%) ইত্যাদির কারণে। এর মধ্যে এক তৃতীয়াংশ হচ্ছে অকাল মৃত্যু, যা আমাদের সামগ্রিক উৎপাদনশীলতার উপর বিরূপ প্রভাব ফেলে। অসংক্রামক রোগসমুহ বেশ কিছু পরিবর্তনশীল রিস্ক ফ্যাক্টরের উপর নির্ভরশীল। এই রিস্ক ফ্যাক্টরগুলো (ঝুঁকির কারণসমূহ) নিয়ন্ত্রণের অনেক আনুসাঙ্গিক বিষয় স্বাস্থ্যখাত ছাড়াও অন্যান্য খাতসমূহে বিস্তৃত। যদিও স্বাস্থ্য অধিদপ্তরের অসংক্রামক রোগ কর্মসূচি প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য নানামুখী পদক্ষেপ নিয়েছে, তথাপি সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর ও স্টেকহোল্ডারদের অংশগ্রহণ ব্যতীত কাঙ্খিত সাফল্য অর্জন করা সম্ভব নয়।

অসংক্রামক রোগসমূহের রিস্ক ফ্যাক্টরসমূহের এই বহুখাতসংশ্লিষ্টতা বিবেচনা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সদস্য দেশগুলোর জন্য একটি বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সুপারিশ করে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে স্বাস্থ্য অধিদপ্তরের অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরি সহায়তায় প্রণয়নকৃত ‘অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা ২০১৮-২০২৫’ (Multisectoral Action Plan for Prevention and Control of Non Communicable Disease, সংক্ষেপে MSAP) মে’ ২০১৮ তারিখে অনুমোদিত হয়েছে, যা বিশ্ব স্বাস্থ্য সংস্থার বৈশ্বিক কর্মপরিকল্পনার একটি মাইলফলক। এই কর্মপরিকল্পনার সুপারিশ মোতাবেক বিগত ১০ই সেপ্টেম্বর ২০১৮ তারিখে <u>‘অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জাতীয় বহুখাতভিত্তিক সমন্বয় কমিটি’ বা NMNCC</u> (National Multisectoral Noncommunicable Disease Control & Coordination Committee)–র প্রজ্ঞাপন জারি হয়। বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনায় উক্ত কমিটি গঠনান্তে কর্মপরিকল্পনার ১ম কর্মবর্ষে (অর্থবছরে) ২টি কার্যকরী সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। তারই ধারাবাহিকতায় NMNCC-র ২য় সভা আহ্বান করা হয়েছে।

প্রাথমিকভাবে এই কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে বেশ কিছু ফলাফল নির্দেশক সূচক নির্দিষ্ট করা হয়েছে যার মাধ্যমে বাস্তবায়নের অগ্রগতি বোঝা যাবে। দুটি ধাপে বাস্তবায়নযোগ্য এই কর্মপরিকল্পনার প্রথম ধাপে (২০১৮-২০২১ সাল পর্যন্ত) যে সকল কার্যক্রম এই কর্মপরিকল্পনা বাস্তবায়নের তৎপরতা নির্দেশ করবে তা নিম্নরূপ :

১.	স্বাস্থ্য অধিদপ্তরের বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মপরিকল্পনার ব্যবস্থাপনার লক্ষ্যে অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কার্যক্রমে কমপক্ষে ২ জন অতিরিক্ত কর্মী নিয়োগ
২.	‘অসংক্রামক প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জাতীয় বহুখাতভিত্তিক সমন্বয় কমিটি’ বা NMNCC গঠন
৩.	স্বাস্থ্য সহায়ক বিদ্যালয় প্রতিষ্ঠা করতে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক সাক্ষর
৪.	স্বাস্থ্যকর শহর প্রকল্প বাস্তবায়নে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/সিটি কর্পোরেশন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক সাক্ষর
৫.	একটি জাতীয় বিদ্যালয় স্বাস্থ্য উন্নয়ন বোর্ড গঠন
৬.	স্বাস্থ্য সহায়তার সাথে একটি স্বাস্থ্যকর জীবনাচরণ শিক্ষা সম্পৃক্ত করার মাধ্যমে এনসিডি প্রতিরোধের জন্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর একটি সরকারি কার্যনির্বাহী আদেশ প্রদান করা।
৭.	অসংক্রামক রোগের ঔষধ ও অসংক্রামক রোগের মূল সেবার অপরিহার্য তালিকা পর্যালোচনা ও পুনর্বিবেচনা করা
৮.	রেডিও, টেলিভিশন এবং অন্যান্য সামাজিক মাধ্যমে প্রচারের জন্য কয়েকটি বিষয়ে বিসিসি (BCC) প্রচারণার একটি কাঠামো এবং জনসেবা ঘোষণা উপকরণ (Public Service Announcement Material = PSA material) প্রস্তুত করা। বিষয়গুলো হচ্ছে- লবণ, অতিরিক্ত চর্বি ও তামাক খাওয়া কমানো, স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, শারীরিক সক্রিয়তা।

একইভাবে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে এইরূপ সমন্বয় কমিটি গঠন করে তাদের কার্যপরিধি অনুযায়ী কার্যক্রম শুরু করার নির্দেশনা এই কর্মপরিকল্পনায় দেয়া আছে। (বাংলা ভার্সন পৃষ্ঠা ২২-২৪)

আলোচনা :

১.১। 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনার আলোকে প্রতিটি স্টেকহোল্ডার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রাসূচক অনুযায়ী স্ব স্ব বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা প্রস্তুতকরণ ও প্রয়োজনীয় বাজেট বরাদ্দকরণ।

১.২। 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার 'মানসিক স্বাস্থ্য বিষয়ক বৈশ্বিক কর্মপরিকল্পনা ২০১৩-২০২০' ও 'খসড়া জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি'র আলোকে মানসিক স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম অন্তর্ভুক্তকরণ।

১.৩। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত কমিটির সদস্যদের অবহিতকরণ কর্মশালা আয়োজন।

১.৪। বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরী/আর্থিক সহায়তায় কর্মপরিকল্পনার নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ ও প্রতিবেদন ছক প্রণয়ন।

১.৫। বহুখাতভিত্তিক কার্যক্রমের সুষ্ঠু সমন্বয়ের স্বার্থে প্রত্যেক স্টেকহোল্ডার এজেন্সির পক্ষ থেকে মনোনীত ফোকাল পার্সনের নাম প্রেরণ।

সিদ্ধান্ত প্রস্তাব :

১.১। প্রতিটি স্টেকহোল্ডার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা-র অসংক্রামক রোগ (মানসিক স্বাস্থ্যসহ) সংশ্লিষ্ট কর্মপরিকল্পনার ব্যয় প্রাক্কলন এবং প্রাক্কলিত ব্যয় পরিকল্পনাসহ বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, প্রয়োজনীয় বাজেট বরাদ্দকরণ (প্রযোজ্য ক্ষেত্রে চলমান অপারেশনাল প্ল্যান রিভিশনের মাধ্যমে) ও এর অনুলিপি NMNCC secretariat এ প্রেরণ (ইমেইল : ncdc@ld.dghs.gov.bd) করা যেতে পারে।

১.২। 'খসড়া জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি'র আলোকে ২০১৯-২০ অর্থবছরে যে 'জাতীয় মানসিক স্বাস্থ্য কৌশলপত্র ২০২০-২০৩০' এবং 'জাতীয় মানসিক স্বাস্থ্য কর্মপরিকল্পনা ২০২০-২০২৫' প্রণীত হতে যাচ্ছে, তার বর্ণনা ও সময়াবদ্ধ, ব্যয় প্রাক্কলিত, ফলাফল নির্দেশক ছকটি চলমান 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনায় সংযুক্তকরণ করা যেতে পারে।

১.৩। স্বাস্থ্য সেবা বিভাগের উদ্যোগে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত কমিটির সদস্যদের MSAP(কমিটির কার্যপরিধি সহ) বিষয়ে অবহিতকরণ কর্মশালা আয়োজন করা যেতে পারে।

১.৪। বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরী/আর্থিক সহায়তায় এবং স্টেকহোল্ডারদের সাথে আলোচনা সাপেক্ষে কর্মপরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ ও প্রতিবেদন ছক প্রণয়ন ও বিতরন করা যেতে পারে।

১.৫। বহুখাতভিত্তিক কার্যক্রমের সুষ্ঠু সমন্বয়ের স্বার্থে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রত্যেক স্টেকহোল্ডার এজেন্সির পক্ষ থেকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মনোনীত ফোকাল পার্সনের নাম (পদবি, মোবাইল নাম্বার ও ইমেইল সহ) প্রেরণ করা যেতে পারে।

আলোচ্য বিষয়- ২) : প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের পন্থা নিয়ে আলোচনা।

আলোচনা :

২.১: জাতীয় পর্যায়ে MSAP এর Dissemination এর আয়োজন করা ও এর মাধ্যমে স্টেকহোল্ডারদের মধ্যে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য (Whole of the government, whole of the society) ও বাস্তবায়ন পরিকল্পনার উপর আলোকপাত করা।

২.২: আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সকল প্রকার প্রক্রিয়ার মাধ্যমে অংশীদারদের সমন্বয় দৃঢ়করণ।

সিদ্ধান্ত প্রস্তাব :

২.১। বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরী ও আর্থিক সহায়তায় জাতীয় পর্যায়ে বৃহৎ পরিসরে একটি Disseminationএর আয়োজন করা যেতে পারে।

২.২। আন্তঃমন্ত্রণালয়/বিভাগ/সংস্থা-র মধ্যে সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যে স্টেকহোল্ডারদের মধ্যে দ্বিপাক্ষিক, ত্রিপাক্ষিক বা বহুপাক্ষিক সভা, কর্মশালা, সমঝোতা স্মারক স্বাক্ষর ইত্যাদির মাধ্যমে অংশীদারিত্বমূলক কর্মপরিকল্পনা (Participatory Planning)প্রনয়ন করা যেতে পারে (যেমনঃ স্কুল হেলথ কার্যক্রমের জন্য স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি, যুব ও ক্রীড়া বিভাগ; স্বাস্থ্যকর শহর কার্যক্রমে স্থানীয় সরকার বিভাগ, সড়ক জনপথ, স্বাস্থ্য শিক্ষা বিভাগের সমন্বয়)।

আলোচ্য বিষয়- ৩) : NMNCC'র সচিবালয়ে প্রয়োজনীয় অর্থের সংস্থান ও দুজন পূর্ণকালীন কর্মী নিয়োগ প্রদান।

'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা'র সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত সমন্বয় কমিটির সচিবালয়ে (NMNCC secretariat)০২ (দুই) জন পূর্ণকালীন কর্মী নিয়োগ প্রদান করার সুপারিশ করা হয়েছে (বাংলা ভার্সন ২১ পৃষ্ঠা দ্রষ্টব্য)। এছাড়া 'প্রয়োজনীয় ফলাফলের সূচক' বা Necessary output indicatorএর তালিকায় প্রথমেই এ প্রসঙ্গে উল্লেখ আছে।

আলোচনা : ৩.১। NMNCC secretariat এ পূর্ণকালীন কর্মী নিয়োগ।

৩.২। NMNCC secretariat এর কার্যক্রম পরিচালনার জন্য আসবাবপত্র ও ভৌত সুবিধাদী (Furniture, Logistics and supplies) নিশ্চিতকরণ।

সিদ্ধান্ত প্রস্তাব :

৩.১। যেহেতু কর্মপরিকল্পনার বিষয়বস্তুসমূহ অত্যন্ত বিস্তৃত এবং লক্ষ্যসমূহ অত্যন্ত সময়াবদ্ধ, তাই ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে দুজন পূর্ণকালীন কর্মী (বাংলা ভার্সন ২১ পৃষ্ঠা) নিয়োগ/প্রেষণ/সংযুক্তির মাধ্যমে দেয়া যেতে পারে।
৩.২। অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচীর চলমান অপারেশন প্ল্যান হতে (প্রয়োজনে ওপি রিভিশনের মাধ্যমে) আসবাবপত্র ও ভৌত সুবিধাদী (Furniture, Logistics and supplies) সরবরাহ করা যেতে পারে।

আলোচ্য বিষয়- ৪) : NMNCC এর সদস্য হিসেবে বেসরকারি স্টেকহোল্ডার প্রতিনিধির নাম/সংস্থার নাম চূড়ান্তকরণ।
আলোচনা :

৪.১। প্রাথমিকভাবে প্রণয়নকৃত NMNCC সদস্যের তালিকায় নিম্নোক্ত স্টেকহোল্ডার/সংস্থার প্রতিনিধির নাম অন্তর্ভূক্তিকরণ-

- শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান – ২ জন
- ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান – ১জন
- সাংবাদিক ও গণমাধ্যম কর্মী সংগঠন/প্রতিষ্ঠান – ২জন
- এনজিও/আইএনজিও – ১জন

৪.২। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (BFSA)এর প্রতিনিধিকে NMNCC এর সদস্য হিসেবে কো-অপ্ট করা

সিদ্ধান্ত প্রস্তাব :

৪.১। সদস্য সচিব সভাপতি মহোদয়ের সাথে আলোচনাক্রমে নিম্নলিখিত স্টেকহোল্ডার/সংস্থার প্রতিনিধি চূড়ান্ত করবেন, যা পরবর্তীতে NMNCC এর সদস্য তালিকায় অন্তর্ভূক্ত হবে-

- শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান- ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন এন্ড রিসার্চ সেন্টার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ- এ চারটি প্রতিষ্ঠান হতে দুটি নাম নির্বাচন করা যেতে পারে।
- ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান - চেয়ারম্যান, ইসলামিক ফাউন্ডেশন
- সাংবাদিক ও গণমাধ্যম কর্মী সংগঠন/প্রতিষ্ঠান – ২জন
- এনজিও ও বেসরকারি/সমাজভিত্তিক প্রতিষ্ঠানসমূহ- জনস্বাস্থ্য/প্রতিবন্ধী সেবা/মানসিক স্বাস্থ্য সেবা/পরিবেশ উন্নয়ন ইত্যাদি সংশ্লিষ্ট জাতীয় পর্যায়ের এনজিও ও প্রতিষ্ঠানসমূহ হতে ১টি নাম নির্বাচন করা যেতে পারে।

৪.২। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (BFSA)এর প্রতিনিধিকে NMNCC এর সদস্য হিসেবে কো-অপ্ট করা।

আলোচ্য বিষয়- ৫) : বিবিধ।
আলোচনা :

৫.১।স্বাস্থ্যকর শহর প্রকল্প বাস্তবায়ন
৫.২।স্বাস্থ্য সহায়ক বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ
৫.৩। তামাক নিয়ন্ত্রণের লক্ষ্যমাত্রা অর্জনে প্রস্তাবিত কর্মসূচি বাস্তবায়ন
৫.৪। NMNCC এর পরবর্তী সভার সম্ভাব্য তারিখ, স্থান ও অগ্রগতি প্রতিবেদন তৈরি

সিদ্ধান্ত প্রস্তাব :

৫.১। স্বাস্থ্যকর শহর (হেলদি সিটি এপ্রোচ) মডেল প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য বিশ্বস্বাস্থ্য সংস্থার কারিগরি সহায়তায় 'স্বাস্থ্যকর শহর কমিটি' (বিভাগীয়/জেলা কমিটির আলোকে) গঠন ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করা যেতে পারে এবং [illegible] কার্যক্রমের জন্য একটি [illegible]দারত্বমূলক, সময়াবদ্ধ ও [illegible]যোগ্য কর্মপরিকল্পনা প্রণ[illegible]রা [illegible]ত পারে। এটি একটি স[illegible]যাগী, দৃশ্যমান, অংশগ্রহ[illegible] কার্যক্রম এবং সরকারের [illegible]সই উন্নয়ন লক্ষ্যমাত্রার [illegible]তিপূর্ণ।
৫.২। শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট সংস্থাসমূহের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে স্বাস্থ্য সহায়ক বিদ্যালয় কার্যক্রমটি শুরু করা যেতে পারে। এর ফলে বিদ্যালয়ের কোমলমতি শিশুদেরকে স্বাস্থ্য সচেতন করে তোলা, শিশুদের মানসিক বিকাশ, বয়ঃসন্ধিকালীন মানসিক স্বাস্থ্যের পাশাপাশি স্বাস্থ্য সচেতনতার অন্যান্য বিষয়গুলি ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে ছড়িয়ে দেয়া সহজ হবে।
৫.৩। অসংক্রামক রোগ নিয়ন্ত্রণের জন্য তামাক নিয়ন্ত্রণ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০৪০ সালের মধ্যে দেশকে তামাকমুক্ত করার ঘোষণা বাস্তবায়নের জন্যও এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ। তামাক নিয়ন্ত্রণের কেন্দ্রীয় সমন্বয়কারী সংস্থা 'জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি)' এর সহায়তায় কর্মপরিকল্পনায় উল্লিখিত কর্মসূচি (বাংলা ভার্সন পৃষ্ঠা ৪৭) বাস্তবায়নকরা যেতে পারে।

'জাতীয় বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ (নিয়ন্ত্রণ) সমন্বয় কমিটি'
[National Multisectoral Noncommunicable Disease Control Coordination Committee (NMNCC)

বার্ষিক প্রথম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে কাজের অগ্রগতি প্রতিবেদন

আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	অগ্রগতি	দায়িত্ব
আলোচ্য বিষয়- ১: NCD'র বর্তমান পরিস্থিতি এবং তা প্রতিরোধ ও নিয়ন্ত্রণে কর্মপরিকল্পনায় বর্ণিত প্রাধিকার কার্যক্রম	বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি গঠন করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা	আগামী ৩ মাসের মধ্যে কমিটি গঠন সম্পন্ন ও এর প্রাথমিক কার্যক্রম শুরু করতে হবে।	বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের জন্য সমন্বয় কমিটি গঠন করা হয়েছে, গেজেট প্রকাশিত হয়েছে, প্রাথমিক কার্যক্রম শুরুর প্রক্রিয়া চলমান, (বর্তমান অর্থবছরে এবিষয়ে প্রয়োজনীয় ব্যয় প্রাক্কলন ও বাজেট বরাদ্দ করা হবে)	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
	এই সভাগুলো সম্পন্ন করার লক্ষ্যে এবং সুনির্দিষ্ট করা হয়নি এমন সদস্য অন্তর্ভূক্তির ক্ষেত্রে সম্ভাব্য দিকনির্দেশনামূলক সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন (NMNCC)	কমিটি গঠনের সময়ই সদস্য নির্বাচন/ কোঅপ্ট করতে হবে। NMNCC এর সভাপতি ও সদস্য-সচিব মহোদয়গণ আলোচনাপূর্বক সদস্য অন্তর্ভূক্তির বিষয়টি চূড়ান্ত করবেন	অনিবার্য কারণবশত কো-অপ্ট সদস্য অন্তর্ভূক্ত করা সম্ভব হয় নাই। বার্ষিক সভায় সদস্যের নাম চূড়ান্তকরনের প্রস্তাব রয়েছে (সভাপতি ও সদস্য-সচিব আলোচনাপূর্বক সদস্য অন্তর্ভূক্তির বিষয়টি চূড়ান্ত করবেন)	
	কর্মপরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রার ছক অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন	পরবর্তীতে স্বাস্থ্য সেবা বিভাগ ও এনসিডিসি সকলের সাথে আলোচনা সাপেক্ষে পরিবীক্ষণ প্রতিবেদনের ছক প্রণয়ন করবে	পরিবীক্ষণ প্রতিবেদনের ছক প্রণয়নের কাজ চলমান রয়েছে। MIS-এ অসংক্রামক রোগগুলোর মধ্যে উচ্চ রক্তচাপের সূচক, তামাক ব্যবহার ও আত্মহত্যায় মৃত্যুর প্রতিবেদন সন্নিবেশিত হয়েছে। বাকি সূচকগুলো সন্নিবেশনের কাজ চলছে।	
আলোচ্য বিষয়- ২) : প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের পন্থা নিয়ে আলোচনা	২.১: জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে Dissemination এর আয়োজন করা ও এর মাধ্যমে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য ও বাস্তবায়ন পরিকল্পনার উপর আলোকপাত করার ব্যবস্থা করা	২.১: বিভাগীয় ও জেলা পর্যায়ের কমিটি গঠন সম্পন্ন হলে আলোচনা সাপেক্ষে সুবিধাজনক সময়ে জাতীয় পর্যায়ে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনার Dissemination এর প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে ও পরবর্তীতে আলোচনা সাপেক্ষে আঞ্চলিক পর্যায়ে Dissemination করা হবে।	বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের কমিটি গঠন সম্পন্ন হয়েছে; বিগত অর্থবছরের কর্মপরিকল্পনায় এতদসংক্রান্ত বাজেট বরাদ্দ না থাকায় আসন্ন অর্থবছরে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে Dissemination এর পরিকল্পনা রয়েছে	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সকল স্টেকহোল্ডার মন্ত্রণালয়, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (এনসিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর, বিশ্ব স্বাস্থ্য সংস্থা
	২.২: কর্মপরিকল্পনার ব্যয় প্রাক্কলন এবং প্রতিটি স্টেকহোল্ডার মন্ত্রণালয়ের জন্য প্রাক্কলিত ব্যয় পরিকল্পনাসহ বার্ষিক	২.২: প্রতিটি স্টেকহোল্ডার মন্ত্রণালয় কর্মপরিকল্পনায় বর্ণিত লক্ষ্যমাত্রার আলোকে স্ব স্ব ব্যয় বিভাজিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের জন্য নিজস্ব	দ্বিতীয় (বার্ষিক) সভায় আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে এই সভা অনুষ্ঠিত হবার পূর্বেই এনসিডিসির বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছিল, ফলে	সকল স্টেকহোল্ডার মন্ত্রণালয় অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (এনসিডিসি)

te

	কর্মপরিকল্পনা প্রণয়ন	বাজেট হতেই অর্থের সংকুলান করবেন। যেহেতু ২০১৮ এর মে মাসে এই বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা অনুমোদিত হয়েছিল সেই আলোকে অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (এনসিডিসি) ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্ম পরিকল্পনা ও প্রকিওরমেণ্ট/ ক্রয় পরিকল্পনা প্রস্তুত করে যা অনুমোদিতও হয়। সে মোতাবেক এনসিডিসি প্রোগ্রাম তার নিজস্ব অপারেশন প্ল্যানের আওতায় যে সকল কাজ রয়েছে, যেমন সেমিনার, সভা, প্রচারনা ইত্যাদির ব্যয় সংকুলান করবে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এতে সার্বিক সহযোগিতা প্রদান করবে।	অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে ষান্মাসিক সভাসহ MSAP সংশ্লিষ্ট বেশ কিছু কার্যক্রম (যেমন- আইইসি উপকরন, প্রচার-প্রকাশনা, কর্মশালা ইত্যাদি) সম্পন্ন করা হয়েছে। আসন্ন ২০১৯-২০২০ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনায় MSAP সংশ্লিষ্ট কার্যক্রম অন্তর্ভূক্ত করা হবে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা হবে	
আলোচ্য বিষয়-৩):NMNCC'র সচিবালয়ে দুজন পূর্ণকালীন কর্মী নিয়োগ প্রদান ও প্রয়োজনীয় অর্থের সংস্থান		দুজন পূর্ণকালীন কর্মী নিয়োগের ব্যবস্থা করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিবে। স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে সম্ভব না হলে মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রস্তাবনা প্রেরণ করা যেতে পারে। সে পর্যন্ত সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি, স্বাস্থ্য অধিদপ্তর এর প্রোগ্রাম ম্যানেজার -২ (ডা: মোঃ রিজওয়ানুল করিম) এবং ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার-২ (ডা: মোঃ শাহনেওয়াজ পারভেজ) NMNCC সচিবালয়ের যাবতীয় সাচিবিক/দাপ্তরিক কর্মকাণ্ড চালিয়ে যাবেন।	পূর্ণকালীন কর্মী নিয়োজিত হয় নাই। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক এ এইচ এম এনায়েত হোসেন এর নির্দেশনায় ডা: মোঃ রিজওয়ানুল করিম, প্রোগ্রাম ম্যানেজার-২, এনসিডিসি ও ডাঃ শাহনেওয়াজ পারভেজ, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার-২, এনসিডিসি নিজ কাজের অতিরিক্ত দায়িত্ব হিসেবে NMNCC এর সকল সাচিবিক ও দাপ্তরিক দায়িত্ব পালন করবেন। অদ্যকার বার্ষিক সভার আলোচ্য বিষয়ের প্রস্তাবনায় দুইজন অতিরিক্ত কর্মী নিয়োগ/প্রেষণে সংযুক্ত করার সুপারিশ করা হয়েছে	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; স্বাস্থ্য অধিদপ্তর
		অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচির অপারেশন প্ল্যানে 'বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনার কার্যক্রম; বাস্তবায়নের জন্য পর্যাপ্ত বরাদ্দ না থাকায় অপারেশনাল প্ল্যানের মধ্যবর্তী বা মিডটার্ম রিভিউর সময় বাজেট পুনর্বিন্যাস করে অর্থের সংস্থান করতে হবে	কাজটি করা সম্ভবপর হয় নাই	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসুচি (এনসিডিসি)

আলোচ্য বিষয়- ৪): **NMNCC** এর সদস্য হিসেবে বেসরকারি স্টেকহোল্ডার প্রতিনিধির /সংস্থার নাম চূড়ান্ত করা	প্রাথমিকভাবে প্রণয়নকৃত স্টেকহোল্ডারদের তালিকায় নিম্নোক্ত স্টেকহোল্ডার এর প্রতিনিধি/সংস্থা ও তার প্রতিনিধির নাম চূড়ান্ত করা প্রয়োজন- • শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান – ২ জন • ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান – ১জন • সাংবাদিক ও গণমাধ্যম কর্মী সংগঠন/প্রতিষ্ঠান – ২জন • এনজিও/আইএনজিও –২ জন	• শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান – ৪ টি নাম প্রস্তাব করে সভাপতি বরাবর পেশ করতে হবে। • ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান –২ টি নাম প্রস্তাব করে সভাপতি বরাবর পেশ করতে হবে। • সাংবাদিক ও গণমাধ্যম কর্মী সংগঠন/প্রতিষ্ঠান –৪ টি নাম প্রস্তাব করে সভাপতি বরাবর পেশ করতে হবে। • এনজিও/আইএনজিও – ৪ টি নাম প্রস্তাব করে সভাপতি বরাবর পেশ করতে হবে। • BSFA বা নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের একজন প্রতিনিধি কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে।	দ্বিতীয় সভার আলোচ্য বিষয়-৪ এর অধীনে আলোচিত হবে BSFA বা নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের একজন প্রতিনিধি কমিটিতে অন্তর্ভূক্ত করার বিষয়ে পরবর্তী (বার্ষিক) সভায় আলোচনা করতে হবে	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, NMNCC সচিবালয়, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (এনসিডিসি)
আলোচ্য বিষয়- ৫): বিবিধ	৫.১: স্বাস্থ্যকর শহর প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মাঝে সমঝোতা স্মারকে সাক্ষর।	৫.১: স্বাস্থ্যকর শহর প্রকল্পের জরিপ শেষ হবার পরপর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সাথে সমঝোতা স্মারকের একটি খসড়া প্রণয়ন করে তা মাননীয় সভাপতি/সদস্য-সচিব বরাবর পর্যালোচনা/নিরীক্ষার জন্য প্রেরণ করতে হবে	স্বাস্থ্যকর শহর প্রকল্পের জরিপ শেষ হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও বিভিন্ন সিটি কর্পোরেশনের সম্মানিত মেয়রগণের মতামত নিয়ে সমঝোতা স্মারকের খসড়া প্রস্তুত করা হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে আলোচনার মাধ্যমে চূড়ান্ত হলে সমঝোতা স্মারকে স্বাক্ষর করা যেতে পারে	অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসুচি (এনসিডিসি), বিশ্ব স্বাস্থ্য সংস্থা, সিটি কর্পোরেশন (নির্বাচিত প্রতিনিধি)
	৫.২:স্বাস্থ্য সহায়ক বিদ্যালয় প্রতিষ্ঠা করতে সমঝোতা স্মারক সাক্ষর	৫.২: শিক্ষা মন্ত্রণালয় (সকল বিভাগ) এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে আলোচনা সাপেক্ষে সমঝোতা স্মারকের খসড়া প্রণয়ন করে তা NMNCC-[illegible] সভাপতি/সদস্য-সচিব এর নিকট প্রেরণ করতে হবে	বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতামত নিয়ে খসড়া প্রণয়ন করা হয়েছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত হলে সমঝোতা স্মারকে স্বাক্ষর করা যেতে পারে	NMNCC সচিবালয় অসংক্রামক রোগ নিয়ন্ত্রণকর্মসূচি (এনসিডিসি) বিশ্ব স্বাস্থ্য সংস্থা
	৫.৩: তামাক নিয়ন্ত্রণের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন কর্মসূচি	৫.৩: তামাক নিয়ন্ত্রণের কেন্দ্রীয় সংস্থা 'জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি) –র সাথে সমন্বয় করে বহুখাত ভিত্তিক কর্মপরিকল্পনায় উল্লেখিত তামাক নিয়ন্ত্রণ লক্ষ্যমাত্রাগুলো বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে।	এনটিসিসি এর সাথে সমন্বয়ের মাধ্যমে চলতি বছর কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ সফলভাবে সম্পন্ন করা হয়েছে	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি), অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (এনডিসি)

		তামাক নিয়ন্ত্রণের বিষয়ে অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি অপারেশন প্ল্যানের অন্তর্গত বিবিধ কার্যাবলী এনটিসিসি-র সাথে সমন্বয় করে করতে হবে।		
	৫.৪: NMNCC এর পরবর্তী সভার সম্ভাব্য তারিখ, স্থান ও অগ্রগতি প্রতিবেদন তৈরি	৫.৪ ২০১৯ এর মার্চ মাসের শেষ সপ্তাহে পরবর্তী সভা অনুষ্ঠিত হতে পারে। সুনির্দিষ্ট তারিখ ও সময় পরে নির্ধারণ করা হবে।	-পরবর্তী সভার তারিখ নির্ধারিত -অগ্রগতি প্রতিবেদন পেশ করা হলো	NMNCC সচিবালয়, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (এনসিডিসি)